# WB PRIMARY TET QUESTION PAPER 2014

## শিশু মনস্তত্ত্ব ও উন্নয়ন

১। রুশো তাঁর কোন্ বইতে প্রকৃতিকেন্দ্রিক শিক্ষার ব্যাখ্যা করেছেন?

(ক) নেচার অ্যান্ড এডুকে

(খ) এমিলি

(গ) এডুকেশনাল সায়েন্স

(ঘ) ফিলোজফি অফ্ এডুকেশন

২। একজন শিক্ষার্থী শ্রেণিকক্ষে অনবরত মিথ্যা কথা বললে, শিক্ষিকা / শিক্ষক হিসাবে আপনি নিম্নোক্ত সংশোধনমূলক পদক্ষেপগুলোর মধ্যে কোন্‌টি গ্রহণ করবেন?

(ক) তাকে মিথ্যা কথা না বলতে উপদেশ দেবেন

(খ) তার অনবরত মিথ্যা কথা বলার কারণ অনুসন্ধানের চেষ্টা করবেন

(গ) মিথ্যা কথা বলার জন্য তাকে শাস্তি দেবেন

(ঘ) তার পিতামাতা / অভিভাবক / অভিভাবিকা—শিক্ষিকা/ শিক্ষক সভায়—তাঁদেরকে তিরস্কৃত করবেন

৩। নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টি থার্নডাইকের প্রচেষ্টা ও ভ্রম সংশোধন শিখন তত্ত্বের সূত্র নয়?

(ক) অনুশীলনের সূত্র (খ) ফললাভের সূত্র

(গ) প্রস্তুতির সূত্র (ঘ) প্রয়োগের সূত্র

৪। মিশ্র সামর্থ্যের শিক্ষার্থীবিশিষ্ট শ্রেণিকক্ষে দল বিভাজনের জন্য নিম্নলিখিত কৌশলগুলির মধ্যে কোন্‌টি আপনি গ্রহণ করবেন?

(ক) শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের ক্রমিক সংখ্যার ভিত্তিতে পৃথক পৃথক দলে বিভক্ত করব

(খ) শ্রেণিকক্ষকে শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতির ভিত্তিতে পৃথক পৃথক দলে বিভক্ত করব

(গ) মিশ্র সামর্থ্যের শিক্ষার্থীদের নিয়ে পৃথক পৃথক দলে বিভাজন করব

(ঘ) কেবলমাত্র অগ্রগতিসম্পন্ন শিক্ষার্থীদের নিয়ে এবং কেবলমাত্র ধীরগতিসম্পন্ন শিক্ষার্থীদের নিয়ে পৃথক পৃথক দল গঠন করব

৫। নিম্নলিখিত কোন্ বাক্যটি শিক্ষক / শিক্ষিকার পক্ষে উপযুক্ত নয়?

শিক্ষক / শিক্ষিকা—

(ক) ছাত্র-ছাত্রীদের বিষয়ে প্রকৃত আগ্রহী থাকবেন

(খ) ছাত্র-ছাত্রীদের সঠিক ভাবে পরিচালিত ও শৃঙ্খলিত করতে সমর্থ হবেন

(গ) নতুন পরিস্থিতির সাথে নিজেকে মানিয়ে নিতে অনাগ্রহী থাকবেন

(ঘ) নিজের কাজ সম্পর্কে উদ্যমী হবেন

৬। যদি ছাত্র/ছাত্রীরা শ্রেণিকক্ষে শিক্ষক / শিক্ষিকাকে প্রশ্ন করতে থাকে—

(ক) ছাত্র / ছাত্রীদের ক্লাসের শেষে শিক্ষক-শিক্ষিকার সাথে দেখা করতে বলা উচিত

(খ) ছাত্র/ ছাত্রীদের শ্রেণিকক্ষে আলোচনায় অংশগ্রহণ করতে উৎসাহিত করা উচিত

(গ) প্রশ্নের উত্তর নিজেদের খুঁজে নিতে ছাত্র-ছাত্রীদের উৎসাহিত করা উচিত

(ঘ) আরও প্রশ্ন করতে ছাত্র/ছাত্রীদের উৎসাহিত করা উচিত

৭। নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টি বিস্মৃতির কারণ নয়?

(ক) ব্যক্তির মনোভাবের পরিবর্তন

(খ) পরবর্তী শিখনের দ্বারা পূর্ববর্তী স্মৃতি বাধাপ্রাপ্ত হওয়া

(গ) অন্তর্বর্তী সময়ের ব্যবধান

(ঘ) অবদমিত স্মৃতি বা অভিজ্ঞতা

৮। ভালো শিক্ষাদান বলতে বোঝায়—

(ক) উচ্চশিক্ষার অধিকারী হওয়া

(খ) গবেষণামূলক কাজ করা

(গ) নিজ বিষয়ে যথেষ্ট জ্ঞান এবং তাকে উপস্থাপনার দক্ষতা

(ঘ) দৃঢ় ব্যক্তিত্বের অধিকারী হওয়া

৯। প্রান্তীয় বাল্যকালে আবেগের চরম প্রকাশ ঘটে—

(ক) পরিবেশগত কারণে

(খ) শারীরবৃত্তীয় কারণে

(গ) A এবং B সঠিক

(ঘ) কোনোটিই সঠিক নয়

১০। CCE-এর পুরো কথাটি হলো—

(ক) Continuous and Comperative Evaluation

(খ) Continuous and Co-operative Evaluation

(গ) Continuous and Competent Evaluation

(ঘ) Continuous and Comprehensive Evalution

PESHA.IN

১১। কোন্ মনোবিদের মতে, পাঁচ থেকে বারো বছর বয়সী শিশুদের মধ্যে ঠিক ভুল বিষয়ে অনমনীয় মনোভাব সংশোধিত হয়ে থাকে?
(ক) ডালটন (খ) পিয়াজে
(গ) ম্যাসলো (ঘ) কোহলবার্গ

১২। উন্নত টি. এল. এম.-এর হওয়া উচিত—
(ক) ব্যয়বহুল এবং আকর্ষণীয়
(খ) ব্যয়বহুল এবং প্রাসঙ্গিক
(গ) ন্যূনতম ব্যয়সাপেক্ষ এবং প্রাসঙ্গিক
(ঘ) ওপরের কোনোটিই নয়

১৩। নিম্নোক্ত ধারণাগুলির মধ্যে কোন্‌টি পিয়াজের জ্ঞানমূলক বিকাশ তত্ত্বের সঙ্গে যুক্ত নয়?
(ক) অ্যাসিমিলেশান (খ) অ্যাকোমোডেশান
(গ) অ্যাসোসিয়েশান (ঘ) স্কিমা

১৪। নীচের মধ্যে কোন্ জন প্রথম চিরাচরিত প্রচলিত মৌখিক শিক্ষাব্যবস্থার বিরোধিতা করেন?
(ক) রুশো (খ) ফ্রয়েবেল
(গ) হার্বার্ট (ঘ) প্লেটো

১৫। একজন শিক্ষক/শিক্ষিকা তার শিক্ষার্থীদের মূল্যায়নে তখনই সফল হবেন, যখন তিনি—
(ক) কঠোর হবেন
(খ) ক্ষমাশীল ও নমনীয় হবেন
(গ) নৈর্ব্যক্তিক
(ঘ) দ্রুত ও তৎপর হবেন

১৬। শিক্ষালাভের প্রথম উৎস কোন্‌টি?
(ক) প্রাথমিক বিদ্যালয়, যেখানে শিশু লিখতে পড়তে শেখে
(খ) গৃহ সমাজের মৌল উপাদান
(গ) যে কর্তৃপক্ষ শিক্ষা ব্যবস্থার নিয়ন্ত্রক
(ঘ) খেলাধুলার মাধ্যমে শিক্ষা পদ্ধতি

১৭। বিশেষ শিক্ষামূলক চাহিদাসম্পন্ন শিশুদের শিক্ষার জন্যে আধুনিক দৃষ্টিভঙ্গি হলো তাদেরকে নিম্নলিখিতগুলির মধ্যে যে-কোনো একটিতে তাদের শিক্ষার বন্দোবস্ত করা—
(ক) বিশেষ বিদ্যালয় (খ) সমন্বয়ী বিদ্যালয়
(গ) অন্তর্ভুক্তি বিদ্যালয় (ঘ) উপরের কোনোটিই নয়

১৮। নীচের কোন্‌টি শিখন প্রক্রিয়ার সঙ্গে সবথেকে কম সম্পর্ক যুক্ত?
(ক) পাঠক্রম (খ) শিক্ষক-শিক্ষিকা
(গ) পরিবেশ (ঘ) সহযোগিতা

১৯। যদি কোনো শিক্ষার্থী আপনার ক্লাসে অংশগ্রহণ না করে—
(ক) তার অনুপস্থিতির জন্য তাকে দোযারোপ করা উচিত
(খ) আধুনিক যুগের শিক্ষার্থীদের মনোভাবের কথা ভেবে চুপ করে থাকা উচিত
(গ) শিক্ষাদানের ক্ষেত্রে কিছু মনোগ্রাহী পদ্ধতি অবলম্বন করা উচিত
(ঘ) কারণটি জেনে তা নির্মূল করা উচিত

২০। একটি শিশুকে সৃজনশীল বলা যায়, যখন তার মধ্যে থাকে—
(ক) ক্ষিপ্রতা (খ) নমনীয়তা
(গ) মৌলিকতা (ঘ) উপরের সবকটিই

২১। 'তাড়না'র বৈশিষ্ট্য হিসাবে কোন্‌টি উপযুক্ত নয়?
(ক) এটি হলো এমন এক শক্তি যা শরীরের সঞ্চালনায় সাহায্য করে
(খ) এটি শরীরের সুনির্দিষ্ট লক্ষ্য অভিমুখী আচরণ
(গ) এটি মানব প্রকৃতিতে ক্ষোভ সৃষ্টি করে
(ঘ) এটি শরীরের আভ্যন্তরীণ টিস্যুর অবস্থা যা শক্তি যোগায় এবং অবশেষে কর্মে নিযুক্ত করে

২২। 'শিক্ষার অধিকার আইন—২০০৯' ১৪ বছর পর্যন্ত সমস্ত শিশুর জন্য উৎকর্ষতা আছে এমন শিক্ষার নিশ্চয়তা প্রদান করে। এখানে শিক্ষার উৎকর্ষতা বলতে বোঝায়—
(ক) ব্যয়বহুল টি. এল. এম.-এর ব্যবহার
(খ) মুখস্ত বিদ্যা
(গ) শ্রেণিকক্ষের সাথে বাস্তব জগতের/পরিবেশের সঙ্গো সম্পর্ক স্থাপন
(ঘ) চাপিয়ে দেওয়া শৃঙ্খলা

২৩। একটি পিছিয়ে পড়া শিক্ষার্থী আপনার ক্লাসে কোনো প্রতিক্রিয়া জানায় না। আপনি কোন্‌টি করবেন?
(ক) আপনার বিষয়বস্তুকে আরো সহজ করবেন এবং তাকে অতিরিক্ত সময় দেবেন
(খ) আপনি তার একার জন্য সকলের ক্ষতি হোক চাইবেন না
(গ) আপনি তাকে আপনার ক্লাস ছাড়তে বাধ্য করবেন
(ঘ) আপনি তাকে কোনরকম সাহায্য করবেন না

২৪। শিক্ষকের কোন্ দিকটি শিক্ষার্থীর বিকাশকে সর্বাধিক প্রভাবিত করে?
(ক) শিক্ষকের বয়স (খ) শিক্ষকের লিঙ্গ
(গ) শিক্ষকের শিক্ষাগত যোগ্যতা
(ঘ) শিক্ষকের সাথে শিক্ষার্থীর সম্পর্ক

২৫। নীচের কোন্‌টি মনোযোগের একটি সাধারণ বৈশিষ্ট্য?

(ক) এটি একটি মানসিক ক্ষমতা

(খ) এটি কোনো একটি বিষয়কে কেন্দ্র করে দীর্ঘ সময় স্থির থাকে না

(গ) এটি এক বিষয় থেকে অন্য বিষয়ে স্থানান্তরিত হয় না

(ঘ) কোনোটিই সঠিক নয়

২৬। শিশুর সামগ্রিক বিকাশ প্রক্রিয়া হলো—

(ক) মনস্তাত্ত্বিক (খ) শারীরবৃত্তীয়

(গ) মনো-দৈহিক (ঘ) জৈবিক

২৭। বোর্ডের ওপর লেখা এবং আঁকার ক্ষমতা একজন শিক্ষকের জন্য প্রয়োজনীয়, যা নিম্নলিখিত একটি দক্ষতার সঙ্গে জড়িত—

(ক) আবেগগত দক্ষতা (খ) মনোদৈহিক দক্ষতা

(গ) জ্ঞানমূলক দক্ষতা (ঘ) উপরের সবকটিই

২৮। ব্যক্তির বিকাশ নির্ভর করে নিম্নলিখিত চারটির মধ্যে যে-কোনো দুটি উপাদানের ওপর। নীচের কোন্‌ জোড়াটি সবথেকে উপযুক্ত?

(i) বংশগতি (ii) পরিবেশ

(iii) ভাষাজ্ঞান (iv) কল্পনাশক্তি

(ক) (i) ও (ii) (খ) (i) ও (iii)

(গ) (ii) ও (iii) (ঘ) (i) ও (iv)

২৯। একজন অপসঙ্গতিপূর্ণ শিশুর মধ্যে কোন্‌ বৈশিষ্ট্যটি পরিলক্ষিত হয় না?

(ক) মানুষ ও পরিবেশের প্রতি ধ্বংসাত্মক ব্যবহার

(খ) অন্তর্মুখিতা

(গ) ভীরুতা

(ঘ) সঠিকভাবে অন্যের প্রশংসা করা

৩০। কোনো বিষয় মনে রাখা বা স্কুলে যাওয়া নির্ভর করে ব্যক্তির চাহিদা বা তাগিদের ওপর। এটিকে বলা হয়—

(ক) পশ্চাদমুখী বাদ

(খ) প্রক্ষোভমূলক স্মৃতিভ্রষ্টতা

(গ) নিউরোজেনিক স্মৃতিভ্রষ্টতা

(ঘ) পূর্বশিক্ষণ প্রতিবন্ধবাদ

**উত্তরমালা**

| | | | | |
|---|---|---|---|---|
| ১। (খ) | ২। (খ) | ৩। (ঘ) | ৪। (গ) | ৫। (গ) |
| ৬। (খ) | ৭। (ক) | ৮। (গ) | ৯। (খ) | ১০। (ঘ) |
| ১১। (ঘ) | ১২। (গ) | ১৩। (গ) | ১৪। (ক) | ১৫। (গ) |
| ১৬। (খ) | ১৭। (গ) | ১৮। (ঘ) | ১৯। (ঘ) | ২০। (ঘ) |
| ২১। (গ) | ২২। (গ) | ২৩। (ক) | ২৪। (ঘ) | ২৫। (খ) |
| ২৬। (গ) | ২৭। (খ) | ২৮। (ক) | ২৯। (ঘ) | ৩০। (গ) |

## বাংলা

১। নীচের কোন্‌ বাক্যটিতে গঠনগত ভুল আছে?

(ক) বাবা ঘরে ফিরলেন

(খ) আকণ্ঠ পর্যন্ত খেয়ে হাঁসফাঁস অবস্থা

(গ) আমরা জন্মান্তরে বিশ্বাসী

(ঘ) কনকনে ঠান্ডায় হাঁটতে বেরোলাম

২। নীচের কোন্‌টি অর্ধসংবৃত স্বরধ্বনির উদাহরণ?

(ক) এ (খ) উ

(গ) ই (ঘ) অ

৩। ছেদ চিহ্নগুলির মধ্যে বহুল ব্যবহৃত ' '—এই চিহ্নটিকে আমরা বাংলায় বলি—

(ক) বিগ্রহ চিহ্ন (খ) বিকল্প চিহ্ন

(গ) বিবৃতি চিহ্ন (ঘ) কোনোটিই নয়

৪। 'প্রাচ্য' শব্দটিকে বিশেষ্য করলে হয়—

(ক) প্রচেত (খ) প্রাচী

(গ) প্রাচীন (ঘ) প্রাচ্যা

৫। 'যখন বৃষ্টি নামল তিমিরনিবিড় রাতে'—এই বাক্যটিতে উদ্দেশ্য হলো—

(ক) বৃষ্টি (খ) রাতে

(গ) তিমিরনিবিড় (ঘ) নামল রাতে

৬। ব্যঞ্জনবর্ণের উচ্চারণ স্থানঅনুযায়ী ট-বর্গের বর্ণগুলিকে বলা হয়—

(ক) তালব্য বর্ণ (খ) দন্ত্য বর্ণ

(গ) কণ্ঠ্য বর্ণ (ঘ) মূর্ধন্য বর্ণ

৭। নিম্নলিখিত সমার্থক শব্দগুচ্ছগুলির মধ্যে কোন্‌টি অশুদ্ধ?

(ক) অর্যমা, তমোনাশ, উদধি, পূষণ

(খ) দিবাকর, বিবস্বান্‌, বিভাবসু, তরণী

(গ) প্রভঞ্জন, মরুৎ, অনিল, সমীর

(ঘ) হয়, বাজী, তুরগ, তুরঙ্গম

৮। সৈন্য, সংগ্রহ, সদানন্দ, সওদা—এই শব্দগুলি অভিধানে অর্থ খোঁজার সময় ক্রমবিন্যাসটি কেমন হবে?

(ক) সংগ্রহ, সওদা, সৈন্য, সদানন্দ

(খ) সদানন্দ, সৈন্য, সওদা, সংগ্রহ

(গ) সওদা, সংগ্রহ, সদানন্দ, সৈন্য

(ঘ) সওদা, সংগ্রহ, সৈন্য, সদানন্দ

৯। 'যদি <u>মরতে পারতাম</u> তাহলে অমর হয়ে যেতাম'। নিম্ন রেখাঙ্কিত অংশটি—

(ক) নামধাতুর ক্রিয়া (খ) নির্দেশকপ্রকার ক্রিয়া

(গ) সংযোজকপ্রকার ক্রিয়া (ঘ) অনুজ্ঞাপ্রকার ক্রিয়া

১০। ভাষা ও বাস্তবের মধ্যে কোন্ সম্পর্কটি ঠিক?

(ক) এই দুয়ের মধ্যে কোনো সম্পর্ক নেই

(খ) বাস্তব, ভাষাকে প্রভাবিত করে

(গ) ভাষা, বাস্তবকে প্রস্তাবিত করে

(ঘ) এই দুয়ের মধ্যে সম্পর্ক উভমুখী

১১। '<u>তোমার চলে যাওয়াটা</u> আমার ভালো লাগেনি' নিম্নরেখ অংশটি হলো—

(ক) ক্রিয়া বিশেষণ (খ) ক্রিয়া

(গ) বিশেষ্য (ঘ) উদ্দেশ্যের প্রসারক

১২। বাংলা ভাষায় স্বরধ্বনির সংখ্যা স্বরবর্ণের চাইতে—

(ক) কম (খ) বেশি

(গ) সমান (ঘ) অর্ধেক

(১৩) থেকে (১৭) পর্যন্ত প্রশ্নগুলি নিম্নলিখিত গদ্যাংশের উপর নির্ভর করে উত্তর দিন :

বাংলা বর্ণমালার 'অ' সংস্কৃত স্বরবর্ণের কোঠায় নেই। ইংরেজি 'Star' শব্দের 'a' সংস্কৃত 'আ' ইংরেজি 'Stir' শব্দের। সংস্কৃত 'অ'। ইংরেজি 'ball' শব্দের 'a' বাংলা 'অ'। বাংলায় 'অল্পস্বল্প'-র বানান যাই হোক, ওর চারটে বর্ণেই সংস্কৃত 'অ' আছে, বাংলা 'আ' নেই। এই নিয়েই হিন্দুস্থানি ওস্তাদের বাঙালি শাগরেদরা উচ্চ অঙ্গের সংগীতে বাংলা ভাষাকে অস্পৃশ্য গণ্য করেন।

বাংলা 'অ' যদিও বাংলা ভাষার বিশেষ সম্পত্তি তবু এ ভাষায় তার অধিকার খুবই সংকীর্ণ। শব্দের আরম্ভে যখন সে স্থান পায় তখনই সে টিকে থাকতে পারে। 'কলম' শব্দের প্রথম বর্ণে 'অ' আছে, দ্বিতীয় বর্ণে সে 'ও' হয়ে গেছে, তৃতীয় বর্ণে সে একেবারে লুপ্ত। ওই আদি বর্ণের মর্যাদা যদি সে অব্যাঘাতে পেত তাহলেও চলত, কিন্তু পদে পদে আক্রমণ সইতে হয়, আর তখনই পরাস্ত হয়ে থাকে। 'কলম' যেই হল 'কল্‌মি', অমনি প্রথম বর্ণের আকার বিগড়িয়ে হল 'ও'। শব্দের প্রথমস্থিত আকারের এই ক্ষতি বারে বারে নানা রূপেই ঘটেছে। যথা: মন বন ধন্য যক্ষ হরি মধু মসৃণ। এই শব্দগুলিতে আদ্য 'অ'কার 'ও' স্বরকে জায়গা ছেড়ে দিয়েছে। দেখা গেছে, 'ন' বর্ণের পূর্বে তার এই দুর্গতি, 'ক্ষ' বা 'ঝ' ফলার পূর্বেও তাই। তা ছাড়া দুই স্বরবর্ণ আছে ওর শত্রু, 'ই' আর 'উ'। তারা পিছনে থেকে ওই আদ্য 'অ'কে করে দেয় 'ও', যেমন : গতি ফণী বধু যদু। 'য' ফলার পূর্বেও 'অ' কারের এই দশা, যেমন : কল্য মদ্য পণ্য বন্য। যদি বলা যায় এইটেই স্বাভাবিক তা হলে আবার বলতে হয়, এ স্বভাবটা সর্বজনীন নয়।

১৩। বাংলা 'অ' হলো—

(ক) সংস্কৃত 'অ'র মতো

(খ) হিন্দি 'অ'এর মতো

(গ) ইংরেজি Star-এর a-এর মতো

(ঘ) এর কোনোটিই নয়

১৪। নীচের কোন্ বিকল্প ঠিক?

(ক) হিন্দিতে সংস্কৃত 'অ' আছে

(খ) সংস্কৃত 'অ' হিন্দিতে নেই

(গ) সংস্কৃত 'অ' বাংলায় আছে

(ঘ) সংস্কৃত 'অ' ইংরেজিতে Star শব্দের a-এর মতো

১৫। নীচের কোন্ বিকল্পটি বাংলা 'অ' সম্বন্ধে যথার্থ?

(ক) আদিতে সে সর্বদা টিকে থাকে

(খ) অন্তে সে সর্বদা টিকে থাকে

(গ) আদিতে সে সর্বদা টিকে থাকে না

(ঘ) অন্তে সে টিকে না থাকলেও মধ্যে সে টিকে থাকে

১৬। নীচের কোন্ বিকল্পটি অ-এর শত্রু নয়?

(ক) ই, আ (খ) ও, উ

(গ) অ, আ (ঘ) ই, উ

১৭। নীচের কোন্ বাক্যটি প্রদত্ত গদ্যাংশের সাপেক্ষে ঠিক?

(ক) সংস্কৃত স্বরবর্ণে 'অ' নেই

(খ) হিন্দিতে 'অ' থাকলেও সংস্কৃত স্বরবর্ণে 'অ' নেই

(গ) সংস্কৃত স্বরবর্ণে 'অ' আছে

(ঘ) ইংরেজি 'a' এবং 'i' এর মতো 'অ' সংস্কৃত স্বরবর্ণে নেই

১৮। নীচের কোন্‌টি শুদ্ধ?

(ক) বৃঃ + তি = বৃষ্টি

(খ) নভস্ + তল = নভস্তল

(গ) বৃন + হিত = বৃংহিত

(ঘ) হিনস্ + অ = হিংসা

১৯। দুদিকের স্তম্ভ মেলাও :

(1) ঘোষ ধ্বনি (i) প্

(2) অল্পপ্রাণ ধ্বনি (ii) দ্

(3) উষ্মধ্বনি (iii) ঢ়্

(4) তাড়িত ধ্বনি (iv) হ্

(ক) 1 - i 2 - ii 3 - iii 4 - iv

(খ) 1 - iii 2 - iv 3 - ii 4 - i

(গ) 1 - iv 2 - iii 3 - i 4 - ii

(ঘ) 1 - ii 2 - i 3 - iv 4 - iii

২০। নীচের মন্তব্যগুলির মধ্যে কোন্‌টি / কোন্‌গুলি অশুদ্ধ?

(i) ই-প্রসারিত ও সংবৃত স্বরধ্বনি

(ii) উ-কুঞ্চিতা ও পশ্চাৎ স্বরধ্বনি

(iii) আ-নিম্ন ও বিবৃত স্বরধ্বনি

(iv) অ-প্রসারিত, সম্মুখ ও সংবৃত স্বরধ্বনি

(ক) i, iv (খ) শুধু ii

(গ) শুধু iii (ঘ) শুধু iv

২১। 'দুঃসাহসিক' শব্দটিকে বর্ণবিশ্লেষণ করলে পাওয়া যায়—

(ক) দ্ + উ + ঃ + স + আ + হ্ + অ + স + ই + ক্

(খ) দ্ + ঃ + উ + স্ + আ + হ্ + অ + স্ + ই + ক্

(গ) দ্ + উঃ + স্ + আ + হ্ + অ + স্ + ই + ক্

(ঘ) দঃ + উ + স্ + আ + হ্ + অ + স্ + ই + ক্

২২। নিম্নলিখিত শব্দগুচ্ছের মধ্যে কোন্‌টি শুদ্ধ?

(ক) পূর্বাহ্ন, অপরাহ্ন, সায়াহ্ন, মধ্যাহ্ন

(খ) রসায়ন, রামায়ণ, উত্তারায়ণ, মূল্যায়ন

(গ) সুচরিতাষু, শ্রীচরণেষু, স্নেহাস্পদেষু

(ঘ) উজ্জ্বল, উচ্ছ্বাস, পশ্চাচার, জাত্যাভিমান

২৩। নীচের মন্তব্যগুলির মধ্যে কোন্‌টি মিথ্যা?

(ক) 'ই' ধ্বনি প্রসারিত ও বিবৃতধ্বনি

(খ) 'অ' ধ্বনি কুঞ্চিত ও হ্রস্বধ্বনি

(গ) 'ও' ধ্বনি কুঞ্চিত ও পশ্চাৎ ধ্বনি

(ঘ) 'আ' ধ্বনি নিম্ন স্বরধ্বনি

২৪। আপনি যদি বলেন তবে কাজটা করব। নিম্ন রেখাঙ্কিত পদ দুটি—

(ক) সংযোজক অব্যয় (খ) সঙ্কোচক অব্যায়

(গ) সিদ্ধান্তবাচক অব্যয়(ঘ) হেতুবাচক অব্যয়

২৫। 'সূক্ষ্ম'—এই শব্দটির সংযুক্ত ব্যঞ্জনটিকে ভাঙলে পাই—

(ক) খ্ + শ্ + ম্ (খ) ক্ + শ্ + ম্

(গ) ক্ + স্ + ম্ (ঘ) ক্ + ষ্ + ম্

(২৬) থেকে (৩০) পর্যন্ত প্রশ্নগুলি নিম্নলিখিত পদ্যাংশের উপর নির্ভর করে উত্তর দিন :

দিন চলে যায় গুনগুনিয়ে ঘুমপাড়ানির ছড়া,
শানবাঁধানো ঘাটের ধারে নামছে কাঁখের ঘড়া।
আতাগাছের তোতাপাখি, ডালিমগাছে মৌ,
হীরেদাদার মড়মড়ে থান, ঠাকুরদাদার বউ।
পুকুরপাড়ে জলের ঢেউয়ে দুলছে ঝোপের কেয়া,
পাটনি চালায় ভাঙা ঘাটে তালের ডোঙায় খেয়া।
খোকা গেছে মোষ চরাতে, খেতে গেছে ভুলে,
কোথায় গেল গমের রুটি শিকের পরে তুলে।
আমার ছড়া চলেছে আজ রূপকথাটা ঘেঁষে,
কলম আমার বেরিয়ে এল বহুরূপীর বেশে।

২৬। 'পাটনি'র প্রতিশব্দ হিসেবে নীচের কোন্ বিকল্পটি ঠিক?

(ক) নেয়ে (খ) খেয়া

(গ) পানসি (ঘ) তরণি

২৭। 'দিন চলে যায় গুনগুনিয়ে ঘুমপাড়ানির ছড়া'— উদ্ধৃতাংশের নিম্নরেখ অংশটি হলো—

(ক) বিশেষ্য (খ) বিশেষণ

(গ) ক্রিয়া বিশেষণ (ঘ) ক্রিয়া

২৮। 'খোকা গেছে মোষ চরাতে'—'চরাতে' হলো—

(ক) সমাপিকা ক্রিয়া (খ) অসমাপিকা ক্রিয়া

(গ) সর্বনাম (ঘ) অব্যয়

২৯। 'কলম আমার বেরিয়ে এল বহুরূপীর বেশে'— এখানে 'বহুরূপীর বেশে শব্দবন্ধটি ইঙ্গিত করে—

(ক) কলমের নানা রঙের কালিকে

(খ) বৈচিত্র্যপূর্ণ অভিজ্ঞতার প্রকাশকে

(গ) কবির ছদ্মবেশকে

(ঘ) এর কোনোটিই নয়

৩০। 'আতাগাছে তোতাপাখি, ডালিমগাছে মৌ/হীরেদাদার মড়মড়ে থান, ঠাকুরদাদার বউ'। উদ্ধৃত এই ছড়াটি—

(ক) উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর লেখা ছড়ার অংশ

(খ) বুদ্ধদেব বসুর লেখা ছড়ার অংশ

(গ) সুকুমার রায়ের লেখা ছড়ার অংশ

(ঘ) প্রচলিত একটি ছড়ার অংশ

**উত্তরমালা**

| | | | | |
|---|---|---|---|---|
| ১। (খ) | ২। (ক) | ৩। (গ) | ৪। (খ) | ৫। (ক) |
| ৬। (ঘ) | ৭। (খ) | ৮। (খ) | ৯। (ক) | ১০। (খ) |
| ১১। (ঘ) | ১২। (খ) | ১৩। (ঘ) | ১৪। (ক) | ১৫। (গ) |
| ১৬। (গ) | ১৭। (খ) | ১৮। (ঘ) | ১৯। (ঘ) | ২০। (ক) |
| ২১। (ক) | ২২। (ক) | ২৩। (খ) | ২৪। (ঘ) | ২৫। (গ) |
| ২৬। (ক) | ২৭। (খ) | ২৮। (খ) | ২৯। (খ) | ৩০। (ঘ) |

## ENGLISH

**Mark correctly the part of the sentences which has an error, if the sentences are correct mark'D' (No error)**

1. Do not leave (A) your seat before (B) finishing the task (C) No error (D)

2. Much have been (A) made of her (B) new book (C) No error (D)

3. The deep depression
(A)
of the Bay of Bengal intensified
(B)
into a cyclone
(C)
No error
(D)

**Mark correctly the synonyms of the following words :**

4. **brag—**
(a) request (b) order
(c) boast (d) question

5. **pester—**
(a) annoy (b) fight
(c) silent (d) sad

6. **imminent—**
(a) immoral (b) comical
(c) impending (d0 cynic

**Make correctly the antonyms of the following words :**

7. **aggravate—**
(a) appropriate (b) appreciate
(c) alleviate (d) admire

8. **onerous—**
(a) wanted (b) light
(c) burdensome (d) many

9. **obstinate—**
(a) pliable (b) adamant
(c) passionate (d) ominous

**Read the following passage to answer Q. No.s 10 to 13 :**

Human beings have proved over a very long period of time that they are pugnacious in nature. They find in anything and everything, from an egg shell to a nation, a suitable cause of war. They are ready to use means and methods to champion the modialities of war, bloodshed and violence. Obviously, as science progressed with time human beings were quick enough to use science for the purpose of war.

The greatest enemy of mankind is not science, but war. It is found that when science is used in a constructive way, it leads to undisturbed peace, but when science is perverted to destructive ends, it leads to unending war. Man uses science to make weapons to make war increasingly more terrible. Our main problem, therefore is not to curb science, but stop war. That is a job in which everybody must participate, including the scienctists. The hour is late and our work has scarcely begun.

10. **The author feels that the greatest threat to human civilization is—**
(a) population (b) science
(c) war (d) pollution

11. **Constructive use of science would lead mankind towards—**
(a) misery (b) happiness
(c) pain (d) doubt

12. **The main problem of man is to—**
(a) control science
(b) control scientists
(c) put an end to the activities of science
(d) put an end to war

13. **To stop war, according to the author, we need the participation of—**
(a) everybody except the scientists
(b) scientists only
(c) everybody
(d) everybody except the warmongers

**Mark correctly the plural forms of the following words :**

14. **coat-of-mail—**
(a) coat-of-mails (b) coats-ofd-mail
(c) coat's-of-mail (d) coat-of-mail's

15. **oasis—**
(a) oasiss 9b) oases
(c) oasises (d) oassies

**Mark correctly the appropriate form of verbs that fill in the blanks :**

16. **Let us wait till he ________ his work.**
(a) finish (b) finishes
(c) will finish (d) had finished

17. **When I reached the station the train ____.**
(a) had left (b) has left
(c) have left (d) left

**Mark the correct arrangement of the following words as would appear in the dictionary, from first to last.**

18. (i) graph (ii) grapery
(iii) graphite (iv) graphic
(a) (i), (ii), (iii), (iv) (b) (i), (iii), (ii), (iv)
(c) (ii), (i), (iv), (iii)(d) (ii), (iii), (iv), (i)

19. (i) centuple (ii) centuplicate
(iii) ceutury (iv) centurion
(a) (i), (ii), (iv), (iii) (b) (i), (ii), (iii), (iv)
(c) (i), (iv), (iii), (ii) (d) (i), (ii), (iii), (iv)

**Mark correctly the change in gender of the following words :**

**20. abbot—**
(a) abbotess (b) abbess
(c) abbotress (d) abboess

**21. prosecutor—**
(a) prosecutores (b) prosecutes
(c) prosecutrix (d) prosecutin

**Mark the correct spelling from the options given below :**

22. (a) repetitive (b) repeatitive
(c) repititive (d) repietitive

23. (a) seperate (b) saperate
(c) saperete (d) separate

24. (a) consollidate (b) consollidieate
(c) consolidate (d) consoledate

25. (a) vigilance (b) vigilence
(c) vigelance (d) vigillence

**Mark correctly the appropriate prepositions that fill in the blanks :**

**26. The hotel is adjacent ______ the station.**
(a) on (b) to
(c) beside (d) upon

**Read the following passage to answer Q. No. 27 to 30 :**

As far as theorists opine, English as second language (ESL) consists of four fundamental skill areas : linstening, speaking, reading and writing. Out of these four skills, listening and reading are termed as Receptive skills, while speaking and writing are called productive skills.

The ideas of evaluation groosly involves three zones of learning : Understanding Zone, Application Zone and Higher Order Thinking Skills (HOTS) Zone. In case of the two Productive skills, it is easy to evaluate the learner vis-a-vis the three zones of learning, because the product that the learner produces through speaking or writing is, in a sense, tangible, visible, and hence, measurable.

The problerm of the teacher lay in the evaluation of the Receptive skill, because the demonstration of these skills are not overtly reflected in the behaviour of the learners. The challenge for the ESL teacher is to set activities which will not only cause the learner to exercise the receptive skill, but will also be clearly and overtly reflected in the demonstration of these skills through behaviour. The problem that the ESL teacher faces is again divided into two parts : firstly, there is an uncertainty about the skills involved in listening and reading which the teacher is interested in evaluating. Secondly, even if the teacher ascertains a particular skills to the evaluated. It is difficult to know whether an item has succeeded in measuring it.

**27. Number of Receptive skills in ESL as mentioned in the passage—**
(a) six (b) four
(c) two (d) nine

**28. The ESL teacher finds difficulty in evaluating the—**
(a) Productive skills (b) HOTS Zone
(c) Application Zone (d) Receitive skills

**29. The skills that are difficult for the learner to overtly reflect in behaviour are—**
(a) listening and writing
(b) reading and speaking
(c) listening and reading
(d) reading and writing

**30. According to the passage, the challenge of designing an item to measure Receptive skills is—**
(a) the skills are overtly reflected in behaviour of learners
(b) the difficulty of knowing whether and item has been able to measure the desired skill
(c) the unwillingness of students
(d) none of the above.

**উত্তরমালা**

| | | | | |
|---|---|---|---|---|
| 1. (a) | 2. (b) | 3. (b) | 4. (c) | 5. (a) |
| 6. (c) | 7. (c) | 8. (b) | 9. (a) | 10. (c) |
| 11. (b) | 12. (d) | 13. (c) | 14. (b) | 15. (b) |
| 16. (b) | 17. (a) | 18. (c) | 19. (a) | 20. (b) |
| 21. (c) | 22. (a) | 23. (d) | 24. (a) | 25. (a) |
| 26. (b) | 27. (c) | 28. (d) | 29. (c) | 30. (b) |

## গণিত

১। **361, 521 এবং 811 এর গ.সা.গু. হলো—**

(ক) 7 (খ) 1

(গ) 19 (ঘ) 17

২। **নিম্নলিখিত ভগ্নাংশগুলিকে মানের ক্রমানুসারে লেখো (বড়ো থেকে ছোটো)**

$\frac{27}{87}, \frac{118}{341}, \frac{143}{428}$

(ক) $\frac{145}{87}, \frac{118}{341}, \frac{27}{87}$ (খ) $\frac{118}{341}, \frac{145}{428}, \frac{27}{87}$

(গ) $\frac{27}{87}, \frac{118}{341}, \frac{145}{428}$ (ঘ) এগুলির কোনোটিই নয়

৩। **3 জন পূর্ণবয়স্ক ব্যক্তি ও 5 জন বালক কোনো একটি কাজের $\frac{19}{20}$ অংশ 3 দিনে সম্পন্ন করে; 4 জন পূর্ণবয়স্ক ব্যক্তি ও 8 জন বালক ওই কাজের $\frac{14}{15}$ অংশ 2 দিনে সম্পন্ন করে। একজন বালক কত সময়ে ওই কাজ সম্পন্ন করবে?**

(ক) 20 দিনে (খ) 30 দিনে

(গ) 35 দিনে (ঘ) 40 দিনে

৪। **একটি কর্ম A ও B একত্রে 5 ঘন্টায় A ও C একত্রে 4 ঘন্টায় এবং B ও C একত্রে $3\frac{1}{2}$ ঘন্টায় সম্পন্ন করতে পারে। A একা কত সময়ে ওই কর্ম সম্পন্ন করতে পারবে?**

(ক) $12\frac{4}{23}$ ঘন্টা (খ) $12\frac{5}{23}$ ঘন্টা

(গ) $12\frac{6}{23}$ ঘন্টা (ঘ) $12\frac{7}{23}$ ঘন্টা

৫। **ছয়টি অঙ্ক দ্বারা প্রকাশিত কোন্ বৃহত্তম সংখ্যা এবং কোন্ লঘুতম সংখ্যা 27, 45, 60 72 ও 96 দ্বারা বিভাজ্য?**

(ক) 997920, 203680 (খ) 998920, 203680

(গ) 997920, 103680 (ঘ) 998720, 103680

৬। **7 জন পুরুষ ও 8 জন বালক যে কর্ম 2 দিনে সম্পূর্ণ করে 4 জন পুরুষ ও 12 জন বালক সেই কর্মের $\frac{29}{56}$ অংশে 1 দিনে সম্পন্ন করে; 1 জন পুরুষ কত সময়ে ওই কার্য সম্পন্ন করবে?**

(ক) 27 দিনে (খ) 28 দিনে

(গ) $27\frac{1}{56}$ দিনে (ঘ) $28\frac{1}{56}$ ন

৭। **সরল করো :**

$$\frac{3.2\times3.2+2.8\times2.8-6.4\times2.8}{1.6\times1.6+2.4\times2.4+3.2\times2.4}$$

(ক) 0.001 (খ) 0.01

(গ) 0.1 (ঘ) 1

৮। **সরল করো :**

$$\frac{0.1\times0.1\times0.1+0.01\times0.01\times0.01}{0.2\times0.2+0.2+0.02\times0.02\times0.02}$$

(ক) 0.512 (খ) 0.215

(গ) 0.125 (ঘ) 1

৯। **সরল করো :**

$$\frac{0.07\times(0.07\times0.07+1)}{(0.07)\times(0.07)\times(0.07)\times(0.07)-1}\times$$

$$\frac{\{(0.07)\times(0.07)-0.07\}\times(0.07+1)}{(0.07)\times(0.07)}$$

(ক) 7 (খ) 0.7

(গ) 0.1 (ঘ) 1

১০। **সরল করো :**

$$\frac{\left(\frac{1}{2}-\frac{1}{3}\right)\left(\frac{1}{3}+\frac{1}{4}\right)}{\left(\frac{1}{2}+\frac{1}{4}\right)\left(\frac{1}{2}+\frac{1}{4}\right)-\left(\frac{1}{3}+\frac{1}{4}\right)\left(\frac{1}{3}+\frac{1}{4}\right)}\times$$

$$\left(\frac{1}{\frac{1}{2}+\frac{1}{4}}+\frac{1}{\frac{1}{3}+\frac{1}{4}}\right).$$

(ক) 1 (খ) $1\frac{1}{2}$

(গ) $1\frac{1}{3}$ (ঘ) $1\frac{1}{4}$

১১। **সরল করো :**

$$\frac{\frac{1}{3}\times\frac{1}{5}\times\left(\frac{1}{3}+\frac{1}{3}\right)+\frac{1}{5}\times\frac{1}{7}\times\left(\frac{1}{5}+\frac{1}{7}\right)+\frac{1}{7}\times\frac{1}{3}\left(\frac{1}{7}+\frac{1}{3}\right)+2\times\frac{1}{3}\times\frac{1}{5}\times\frac{1}{7}}{\frac{1}{3}\times\frac{1}{3}+\frac{1}{5}\times\frac{1}{3}+\frac{1}{7}\times\frac{1}{3}+\frac{1}{7}\times\frac{1}{3}}$$

(ক) $\frac{11}{35}$ (খ) $\frac{12}{35}$

(গ) $\frac{13}{35}$ (ঘ) $\frac{14}{35}$

১২। **একটি চিড়িয়াখানায় বাঁদরদের খাওয়ানোর জন্য 599 টি কলা আছে। একটি বাঁদরের কমপক্ষে এক ডজন কলা প্রয়োজন। সবচেয়ে বেশিসংখ্যক কতগুলি বাঁদরকে ওই কলাগুলি ভাগ করে দেওয়া যাবে?**

(ক) 599 (খ) 12

(গ) 49 (ঘ) 50

১৩। $\frac{7}{1000}+\frac{9}{100}+8\times100+7\times1000=$

(ক) 7900.078 (খ) 8700.097

(গ) 780.97 (ঘ) 7800.097

১৪। $4\times10\times10\times10\times10+\frac{2}{10\times10}+\frac{1}{10\times10\times10}+3\times10\times10\times10=$

(ক) 4300.0021 (খ) 4300.021

(গ) 430000.21 (ঘ) 43000.021

১৫। $7\times1000000+\frac{9}{100000}=$

(ক) 7000000.0009

(খ) 7000000.000009

(গ) 700000.00009

(ঘ) 7000000.00009

১৬। $\Delta ABC$-এর BC বাহুর সমান্তরাল সরলরেখা AB ও AC বাহুকে যথাক্রমে P ও Q বিন্দুতে ছেদ করে। AP = QC ; AB-এর দৈর্ঘ্য 12 একক এবং AQ-এর দৈর্ঘ্য 2 একক, CQ-এর দৈর্ঘ্য কত একক?

(ক) 6 একক (খ) 4 একক

(গ) 5 একক (ঘ) 3 একক

১৭। ABCD বৃত্তস্থ চতুর্ভুজের AB বাহুকে X বিন্দু পর্যন্ত বর্ধিত করা হলো। $\angle XBC = 82^\circ$ এবং $\angle ADB = 47^\circ$ হলে $\angle BAC$-এর মান নির্ণয় করো।

(ক) 25° (খ) 30°

(গ) 35° (ঘ) 40°

১৮। সরল কর :

$$\frac{0.835\times0.835\times0.835+0.165\times0.165\times0.165}{0.835\times0.835-0.835+0.165+0.165\times0.165}$$

(ক) 0.67 (খ) 0.138

(গ) 5.06 (ঘ) কোনোটিই নয়


১৯। সরল কর :

$$5\frac{1}{2}-\left[2\frac{1}{3}\div\left\{\frac{3}{4}-\frac{1}{2}\left(\frac{2}{3}-\overline{\frac{1}{6}-\frac{1}{8}}\right)\right\}\right]$$

(ক) $\frac{1}{6}$ (খ) $\frac{1}{7}$

(গ) $\frac{1}{8}$ (ঘ) $\frac{1}{9}$

২০। প্রদত্ত চিত্র অনুযায়ী, কলকাতা থেকে আগ্রা কতরকম বিভিন্ন পথে পৌঁছানো যায়?

কলকাতা →  আগ্রা

(ক) 7 (খ) 12

(গ) 8 (ঘ) 1

২১। $\frac{(0.0036)(2.8)}{(0.04)(0.1)(0.003)}=$

(ক) 840.0 (খ) 84.0

(গ) 8.4 (ঘ) 0.84

২২। সংখ্যাগুলিতে ফাঁকা জায়গায় কোন্ কোন্ অঙ্ক বসালে সংখ্যাগুলি 9 দ্বারা বিভাজ্য হবে? সংখ্যাগুলি হলো—

30*4, 573*1, *6708, 836*57

(ক) 9, 2, 6, 7 (খ) 2, 2, 6, 7

(গ) 2, 9, 6, 7 (গ) 2, 2, 6, 9

২৩। $\left(\frac{1}{2}+\frac{1}{3}+\frac{1}{4}\right)\left(\frac{1}{2}\times\frac{1}{3}+\frac{1}{3}\times\frac{1}{4}+\frac{1}{4}\times\frac{1}{2}\right)-\frac{1}{2}\times\frac{1}{3}\times\frac{1}{4}=$

(ক) $\left(\frac{1}{3}-\frac{1}{4}\right)\left(\frac{1}{4}+\frac{1}{2}\right)\left(\frac{1}{2}-\frac{1}{3}\right)$

(খ) $\left(\frac{1}{3}+\frac{1}{4}\right)\left(\frac{1}{4}+\frac{1}{2}\right)\left(\frac{1}{2}+\frac{1}{3}\right)$

(গ) $\left(\frac{1}{3}-\frac{1}{4}\right)\left(\frac{1}{4}+\frac{1}{2}\right)\left(\frac{1}{2}+\frac{1}{3}\right)$

(ঘ) $\left(\frac{1}{3}+\frac{1}{4}\right)\left(\frac{1}{4}+\frac{1}{2}\right)\left(\frac{1}{2}-\frac{1}{3}\right)$

২৪। ভাগ পদ্ধতিতে আমরা পাই—

(ক) ভাজ্য = ভাগফল + ভাজক – ভাগশেষ

(খ) ভাজ্য = ভাজক × ভাগফল – ভাগশেষ

(গ) ভাজ্য – ভাগশেষ = ভাজক × ভাগফল

(ঘ) ভাজ্য – ভাগফল = ভাজক × ভাগশেষ

২৫। ভাগ পদ্ধতিতে আমরা পাই—

(ক) $0 \le$ ভাজক $<$ ভাগশেষ

(খ) $0 \le$ ভাগশেষ $<$ ভাগফল

(গ) $0 \le$ ভাগশেষ $<$ ভাজক

(গ) $0 \le$ ভাগফল $<$ ভাজক

২৬। 541, 1109, 2087-এর ল.সা.গু. হলো—

(ক) 1109 × 2087 (খ) 599969

(গ) 1129067

(ঘ) 541 × 1109 × 2087

২৭। সরল কর :

$$\cfrac{1}{1+\cfrac{1}{1+\cfrac{1}{1+\frac{1}{7}}}}$$

(ক) $\frac{13}{23}$ (খ) $\frac{15}{23}$

(গ) $\frac{17}{23}$ (ঘ) $\frac{19}{23}$

২৮। **1.1. × 1.1 + 2.2 × 2.2 + 3.3 × 3.3 + 4.4 × 4.4 + 2 × 1.1 × 2.2 + 2 ×1.1 × 3.3 + 2 × 1.1 ×4.4 + 2 × 2.2 × 3.3 + 2 × 2.2 × 4.4 + 2 × 3.3 × 4.4 =**

(ক) 81 (খ) 91

(গ) 100 (ঘ) 121

২৯। **1.1 × 1.1 × 1.1 + 2.2 × 2.2 × 2.2 + 7.7 × 7.7 × + 3 × 1.1 × 1.1 × 2.2 + 3 × 1.1 × 2.2 × 2.2 + 3 × 2.2 × 2.2 × 7.7 + 3 × 2.2 × 7.7 × 7.7 + 3 × 7.7 × 7.7 × 1.1 + 3 × 1.1 × 1.1 × 7.7 + 6 × 1.1 × 2.2. × 7.7 =**

(ক) 1133 (খ) 1313

(গ) 1331 (ঘ) 3311

৩০। **2017 এবং 2027 দুটি সংখ্যা—**

(ক) সংখ্যা দুটির প্রথমটি মৌলিক এবং পরেরটি যৌগিক

(খ) সংখ্যা দুটির প্রথমটি যৌগিক এবং পরেরটি মৌলিক

(গ) সংখ্যা দুটিই যৌগিক

(ঘ) সংখ্যা দুইটিই মৌলিক এবং তারা পরস্পর মৌলিক

**উত্তরমালা**

| | | | | |
|---|---|---|---|---|
| ১। (খ) | ২। (খ) | ৩। (খ) | ৪। (ক) | ৫। (গ) |
| ৬। (খ) | ৭। (খ) | ৮। (গ) | ৯। (ঘ) | ১০। (গ) |
| ১১। (খ) | ১২। (গ) | ১৩। (ঘ) | ১৪। (ঘ) | ১৫। (ঘ) |
| ১৬। (খ) | ১৭। (গ) | ১৮। (ঘ) | ১৯। (ক) | ২০। (খ) |
| ২১। (ক) | ২২। (খ) | ২৩। (খ) | ২৪। (গ) | ২৫। (গ) |
| ২৬। (ঘ) | ২৭। (খ) | ২৮। (ঘ) | ২৯। (গ) | ৩০। (ঘ) |

## পরিবেশ বিদ্যা

১। **নিম্নে উল্লিখিত রোগগুলির কোন্‌টির চিকিৎসায় ব্যবহৃত পদ্ধতি হল DOT ?**

(ক) কলেরা (খ) টাইফয়েড

(গ) যক্ষ্মা (ঘ) হেপাটাইটিস

২। **মানবদেহের পৌষ্টিক তন্ত্রের সঙ্গে নীচের কোন্‌ অংশগুলো যুক্ত?**

(ক) ফুসফুস, শ্বাসনালি (খ) হৃৎপিণ্ড, ধমনী

(গ) পাকস্থলী, অন্ত্র (ঘ) বৃক্ক, মূত্রথলি

৩। **সারণি I এবং সারণি II এর মধ্যে সমতা বিধান করো:**

| সারণি I | সারণি II |
|---|---|
| 1. পুরুলিয়া | A. সাঁতরাগাছি ঝিল |
| 2. হাওড়া | B. সাহেববাঁধ |
| 3. কোচবিহার | C. রসিক বিল |

(ক) 1-C, 2-B, 3-A (খ) 1-A, 2-C, 3-B

(গ) 1-B, 2-A, 3-C (ঘ) 1-A, 2-B, 3-C

৪। **নীচের কোন্‌ বাক্যটি শুদ্ধ?**

(ক) টিবিয়া ও ফিবুলা কোমর থেকে হাঁটু পর্যন্ত বিস্তৃত

(খ) হিউমেরাস কাঁধ থেকে কনুই এবং ফিমার কোমর থেকে হাঁটু পর্যন্ত বিস্তৃত

(গ) আলনা ও রেডিয়াস হাঁটুর নীচ থেকে গোড়ালি পর্যন্ত বিস্তৃত

(ঘ) ফিমার হাঁটুর নীচ থেকে গোড়ালি পর্যন্ত বিস্তৃত

৫। **পূর্ব কলকাতার জলাভূমির সঙ্গে সংশ্লিষ্ট নদীটি হলো—**

(ক) দামোদর (খ) ময়ূরাক্ষী

(গ) তিস্তা (ঘ) বিদ্যাধরী

৬। **নীচের কোন্‌গুলো বন্য প্রাণী?**

(ক) ভেড়া, ঘোড়া (খ) ঘোড়া, ছাগল

(গ) বাঘ, সাপ (ঘ) ছাগল, গোরু

৭। **নীচের কোন্‌গুলি ম্যানগ্রোভ প্রকৃতির গাছ?**

(ক) বট, জারুল, শাল (খ) শাল, সেগুন, ওক

(গ) বাইন, গরান, গেঁওয়া (ঘ) আম, পেঁপে, শাল

৮। **স্বাধীন ভারতের প্রথম শিক্ষামন্ত্রী ছিলেন—**

(ক) ভীমরাও রামজি আম্বেদকর

(খ) মৌলানা আবুল কালাম আজাদ

(গ) জওহরলাল নেহরু

(ঘ) মোহনদাস করমচাঁদ গান্ধি

৯। **নীচের কোন্‌ জোড়াটি ঠিকভাবে মেলানো?**

**শহরের নাম জেলাগুলির নাম**

(ক) ঝাড়গ্রাম, বিষ্ণুপুর বর্ধমান, বীরভূম

(খ) ডানকুনি, কালিম্পং উত্তর চব্বিশ পরগনা, হাওড়া

(গ) বারুইপুর, রায়গঞ্জ দক্ষিণ চব্বিশ পরগনা, উত্তর দিনাজপুর

(ঘ) বালুরঘাট, তমলুকদার্জিলিং, জলপাইগুড়ি

PESHA.IN

১০। ধোঁয়াতে কোন্ কোন্ অধাতব মৌলের অক্সাইড গ্যাস থাকে?
(ক) সোডিয়াম, পটাশিয়াম, আয়রন
(খ) সালফার, নাইট্রোজেন, কার্বন
(গ) অ্যালুমিনিয়াম, কপার, আয়রন
(ঘ) নিকেল, কোবাল্ট, মার্কারি

১১। নীচের কোন্ গাছগুলি উচ্চ পার্বত্য অঞ্চলে জন্মায়?
(ক) পলাশ, বট, সেগুন
(খ) আম, জাম, গরান
(গ) ওক, বার্চ, রডোডেনড্রন
(ঘ) গরান, বট, হেতাল

১২। ধুলোর কণার গায়ে জলীয় বাষ্প জমে নীচের কোন্‌টি তৈরি হয়?
(ক) নক্ষত্র (খ) গ্রহ (গ) ছায়াপথ (ঘ) মেঘ

১৩। দার্জিলিঙের জঙ্গলে নীচের কোন্ প্রাণীটি দেখা যায়?
(ক) রেড পান্ডা (খ) বুনো গাধা
(গ) জেব্রা (ঘ) অলিভ-রিডলে টার্টল

১৪। 'দারুন অগ্নিবাণে রে' গানটি কোন্ ঋতুর পরিচায়ক?
(ক) শীত (খ) শরৎ (গ) গ্রীষ্ম (ঘ) বসন্ত

১৫। বাসক পাতার নির্যাস কোন্ ধরনের অসুখ সারাতে ব্যবহার করা হয়?
(ক) কলেরা (খ) টিটেনাস
(গ) সর্দি ও কাশি (ঘ) ম্যালেরিয়া

১৬। নীচের কোন্ প্রাণীগুলি অতি সংকটাপন্নভাবে বিপন্ন?
(ক) গোরু, ছাগল (খ) ছাগল, ভেড়া
(গ) শুয়োর, ঘোড়া (ঘ) বাঘ, একশৃঙ্গ গণ্ডার

১৭। পরিবেশ বিদ্যার শিক্ষক/শিক্ষিকা হিসাবে আপনার ছাত্রছাত্রীদের শক্তির উৎস হিসাবে নীচের কোন্ খাদ্যগুলো খেতে বলবেন?
(ক) শাকসবজি, গাজর, চা, জল
(খ) দুধ, আলু, ডিম, মাখন, ভাত
(গ) চা, জাম, শাকসবজি, জল
(ঘ) বীট, হলুদ, চা, জল

১৮। নীচের কোন্‌টি ত্বকের ক্যান্সারের জন্য দায়ী?
(ক) মেলানিন (খ) ভিটামিন
(গ) আলট্রা ভায়োলেট রশ্মি (ঘ) কার্বন ডাইঅক্সাইড

১৯। কোন্ গাছের ছালে হার্টের অসুখ কমানোর ওষুধ পাওয়া যায়?
(ক) আম (খ) সিঙ্কোনা (গ) অর্জুন (ঘ) তামাক

২০। বৃষ্টির সম্ভাবনার কথা কোন্ প্রাণীরা বুঝতে পারে?
(ক) কুকুর (খ) পিঁপড়ে (গ) গোরু (ঘ) মুরগি

২১। পরিবেশ বিদ্যার শিক্ষিকা/শিক্ষক হিসাবে কলেরা রোগের চিকিৎসায় নীচের কোন্‌টি ব্যবহার করার কথা আপনি জানেন?
(ক) GPS (খ) BRS (গ) NRS (ঘ) ORS

২২। নীচের কোন্ দূষকটি ভূমিক্ষয় ঘটায়?
(ক) গোবর (খ) মাছের কাঁটা
(গ) প্লাস্টিক (ঘ) পুরোনো কাগজ

২৩। শুঁয়োপোকা হলো—
(ক) একটি পূর্ণাঙ্গ পতঙ্গ
(খ) পতঙ্গের লার্ভা দশা
(গ) একটি পরিণত স্তন্যপায়ী
(ঘ) একটি পরিণত পাখি

২৪। বায়ু দূষণের সঙ্গে নীচের কোন্ রোগগুলো সম্পর্কিত?
(ক) ম্যালেরিয়া, কলেরা, টাইফয়েড
(খ) টিটেনাস, আর্থ্রাইটিস, ডায়াবেটিস
(গ) ডায়াবেটিস, হেপাটাইটিস, কুষ্ঠ
(ঘ) ব্রংকাইট্রিস, এমফাইসেমা, অ্যাজমা

২৫। আরাবারি যেজন্য বিখ্যাত তা হলো—
(ক) সৌধ সংরক্ষণ
(খ) যৌথ বন সংরক্ষণ ব্যবস্থা
(গ) একশৃঙ্গ গণ্ডার সংরক্ষণ
(ঘ) বাঘ সংরক্ষণ

২৬। নীচের কোন্ গাছগুলি থেকে পোশাক তৈরির উপাদান পাওয়া যায়?
(ক) ছাতিম, বট (খ) বেল, আম
(গ) শণ, পাট (ঘ) ছাতিম, আম

২৭। পরিবেশ বিদ্যার শিক্ষিকা/শিক্ষক হিসাবে আপনি নিম্নলিখিত প্রাণীগুলির ছবি শিক্ষার্থীদের দেখিয়েছেন। এদের কোন্‌গুলোর পালক ও আঁশ আছে?
(ক) বাঘ এবং কুনো ব্যাং (খ) কুনো ব্যাং এবং কেঁচো
(গ) শামুক এবং তারামাছ (ঘ) পায়রা এবং হাঙর

২৮। কীভাবে ধাতু শনাক্ত করা যায়?
(ক) কিছু দিয়ে পিটিলে ঠং ঠং করে আওয়াজ হয় না
(খ) চক্‌চক্ করে না
(গ) খুব তাড়াতাড়ি গরম হয় না
(ঘ) আওয়াজ তৈরি হয় চকচক করে এবং তাড়াতাড়ি গরম হয়

২৯। নীচের কোন্‌টি চামড়া থেকে উৎপন্ন হয় না?
(ক) লোম (খ) চুল (গ) রক্ত (ঘ) পালক

৩০। নীচের কোন্ প্রাণীটি পৃথিবী থেকে বিলুপ্ত হয়ে গেছে?
(ক) ব্ল্যাকবাক (খ) অলিভ-রিডলে টার্টল
(গ) ডোডো (ঘ) লায়ন টেইল্ড ম্যাকাক

## উত্তরমালা

| | | | | |
|---|---|---|---|---|
| ১। (গ) | ২। (গ) | ৩। (গ) | ৪। (খ) | ৫। (ঘ) |
| ৬। (গ) | ৭। (গ) | ৮। (খ) | ৯। (গ) | ১০। (খ) |
| ১১। (গ) | ১২। (ঘ) | ১৩। (ক) | ১৪। (গ) | ১৫। (গ) |
| ১৬। (ঘ) | ১৭। (খ) | ১৮। (গ) | ১৯। (গ) | ২০। (খ) |
| ২১। (ঘ) | ২২। (গ) | ২৩। (খ) | ২৪। (ঘ) | ২৫। (খ) |
| ২৬। (গ) | ২৭। (ঘ) | ২৮। (ঘ) | ২৯। (গ) | ৩০। (গ) |

PESHA.IN